**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের অংশ হিসেবে গ্লোভার্সভিলের জন্য রূপান্তরকারী প্রকল্পসমূহ ঘোষণা করলেন

***বারোটি ডাউনটাউন পুনরুজ্জীবন প্রকল্প জনসাধারণের জন্য নতুন সুযোগসুবিধা, এবং ব্যবসা ও আবাসন সুযোগ উন্নত করবে***

**সম্প্রদায়কে মুখ্য অনুঘটক প্রকল্প দ্বারা সমৃদ্ধ করার একটি কৌশলী লক্ষ্যের অংশ**
***প্রকল্পসমূহের রেন্ডারিং উপলভ্য এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজকে 10 মিলিয়ন মার্কিন ডলার ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) অংশ হিসেবে গ্লোভার্সভিল সিটির জন্য 12টি রূপান্তরকারী প্রকল্পসমূহ ঘোষণা করলেন। এই অর্থ জনসাধারণের সুযোগসুবিধা এবং সবুজ স্থান উন্নত করবে, আবাসন সুযোগ বৃদ্ধি করবে, এবং নতুন ও বিদ্যমান উভয় ধরনের ক্ষুদ্র ব্যবসা সমর্থন করবে। প্রকল্পসমূহের রেন্ডারিং উপলভ্য এখানে।

"আমরা গ্লোভার্সভিলে একটি নতুন যুগে পদার্পণ করতে যাচ্ছি, চাকরি, ব্যবসা এবং মানুষকে আকৃষ্ট করছি যার ফলে সম্প্রদায়টি বসবাস ও কাজ করার জন্য আরো ভালো একটি স্থানে পরিণত হচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "এই বিনিয়োগগুলি আরো সাশ্রয়ী আবাসন তৈরি করবে, জনসাধারণের সুযোগসুবিধা উন্নত করবে, ডাউনটাউন গ্লোভার্সভিলের মুখ্য ব্যবসাসমূহকে পুনর্জীবিত করবে, যার ফলে বেড়াতে আসা মানুষ ও বাসিন্দা সকলের জীবনযাত্রার মান উন্নত হবে। আমার প্রশাসন আপস্টেট নিউ ইয়র্কে আরো বসবাসযোগ্য সম্প্রদায় গঠন এবং একটি উজ্জ্বলতর ভবিষ্যৎ গঠনে প্রতিশ্রুতিবদ্ধ।"

গ্লোভার্সভিলের ডাউনটাউন এর অনন্য চরিত্র, ঐতিহাসিক স্থাপত্য, সুপরিচিত শিল্প ও সংস্কৃতির সম্পদ, পার্ক ও সবুজ স্থান, এবং সম্প্রদায়ের সমৃদ্ধ চেতনার জন্য বিশেষভাবে পরিচিত। গ্লোভার্সভিলের গোছানো, হাঁটার উপযুক্ত ডাউনটাউনে এবং আশেপাশে করা সাম্প্রতিক বিনিয়োগ এলাকাটিকে পুনরুজ্জীবনের জন্য একদম তৈরি করে দিয়েছে।

এই বিনিয়োগগুলি আপস্টেট অর্থনীতিকে পুনর্জীবিত করতে এবং মোহক ভ্যালিতে আরো সুযোগ তৈরি করতে গভর্নরের চলমান প্রয়াসের অংশ। গ্লোভার্সভিল 2021 সালে DRI রাউন্ড 5 এর একটি বিজয়ী হিসেবে ঘোষিত হয়েছিলো। সম্প্রদায়ে অনুঘটক বিনিয়োগের জন্য অনুদান

প্রদানের পাশাপাশি, স্টেট বিভাগের (Department of State) নেতৃত্বে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগটি অংশগ্রহণকারী সম্প্রদায়গুলিকে কারিগরি সহায়তা প্রদান করে যখন তারা একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা (Strategic Investment Plan) গঠন করে এবং তাদের ডাউনটাউন এলাকাকে পুনর্জীবিত করার প্রকল্পসমূহকে সনাক্ত করে।

**যেসব নির্দিষ্ট প্রকল্পে DRI-র মাধ্যমে অর্থায়ন করা হবে, তার মধ্যে রয়েছে:**

**ঐতিহাসিক গ্লোভ থিয়েটার সংস্কার - DRI পুরস্কার 1,994,000 মার্কিন ডলার**
গ্লোভ থিয়েটারের (Glove Theater) 40,000 বর্গফুটের কমপ্লেক্সটি সংস্কার ও পুনঃস্থাপন করা হবে এই প্রকল্পের মাধ্যমে, যার মধ্যে থাকবে নিরাপত্তা ও আরাম বর্ধিত করতে বিভিন্ন অভ্যন্তরীণ উন্নয়ন।

**ক্যারিজ হাউজ সংস্কার - DRI পুরস্কার: 1,360,000 মার্কিন ডলার**
ঐতিহাসিক ক্যারিজ হাউজ (Carriage House), যা প্রায় দুই দশক ধরে খালি আছে, সেটিকে পুনর্বাসিত করা হবে একটি মাইক্রোব্রিউয়ারি, স্পোর্টস বার, রেস্টুরেন্ট, এবং সেই সাথে উপরের তলাগুলিতে একাধিক আবাসন ইউনিট তৈরি করার জন্য। আবাসিক স্থানের পাশাপাশি, উপরের তলাগুলির একটি অংশকে প্রয়োজনমতো অনুষ্ঠানের জন্য ফ্লেক্স স্পেস এবং ব্যাঙ্কোয়েট স্পেস হিসেবে ব্যবহার করা হবে।

**গ্লোভ সিটি লফ্টস নির্মাণ - DRI পুরস্কার: 1,250,000 মার্কিন ডলার**
এই প্রকল্পের মাধ্যমে শিল্পীদের আবাসন নির্মাণ করা হবে সিটি হলের কাছের বিদ্যমান খালি লটে। এটি আনুমানিক 75টি লফ্ট ধাঁচের সাশ্রয়ী আবাসন ইউনিট তৈরি করবে মিশ্র আয়ের ভাড়াটিয়াদের জন্য, যা গ্লোভ সিটি আর্টস অ্যালায়েন্স (Glove City Arts Alliance) দ্বারা ব্যবস্থাপিত সবুজ স্থান এবং একটি আর্ট গ্যালারি দ্বারা সম্পূর্ণ হবে।

**সেইন্ট টমাস স্কয়ারকে সারা বছরের কর্মকাণ্ডের জন্য সক্রিয় করা - DRI পুরস্কার: 1,120,000 মার্কিন ডলার**
এই প্রকল্পটি মেইন স্ট্রিটের সাথে একটি দৃঢ় সংযোগ সৃষ্টি করবে একটি স্বল্পব্যবহৃত পার্কের পুনর্গঠনের মাধ্যমে, যেখানে থাকবে: ফার্মার্স মার্কেট প্যাভিলিয়নের (Farmers Market Pavilion) চারদিকে একটি নতুন পথচারী এবং স্মৃতিসৌধ এলাকা এবং সংশ্লিষ্ট সুযোগসুবিধাসহ একটি আইসস্কেটিং এলাকা।

**ড্যানিয়েল হায়েস মিল পুনরুজ্জীবিত করা - DRI পুরস্কার: 1,050,000 মার্কিন ডলার**
এই প্রকল্পটি একটি প্রাক্তন শিল্প কারখানার সাইটকে পুনর্গঠিত করবে, যার মধ্যে থাকবে একটি ঐতিহাসিক চারতলা কাঠের ফ্রেমের ইটের কাঠামো এবং একাধিক একতলা ম্যাসোনরি ভবন, মিশ্র পরিবারের আবাসিক ব্যবহারের জন্য যা ডাউনটাউন গ্লোভার্সভিলে নতুন বাসিন্দাদের নিয়ে আসবে এবং দীর্ঘদিনের পরিত্যক্ত সম্পত্তিতে একটি নতুন জীবন নিয়ে আসবে।

**ডাউনটাউন ব্যবসা উন্নয়ন তহবিলের সূচনা - DRI পুরস্কার: 600,000 মার্কিন ডলার**

ডাউনটাউন ব্যবসা তহবিল (Downtown Business Fund) DRI এলাকায় ক্ষুদ্র ব্যবসা ও সংগঠনকে সম্প্রসারণের তহবিলের ঘাটতি এবং উন্নয়ন প্রকল্পের মধ্যে সেতুবন্ধন করতে প্রয়োজনীয় আর্থিক সমর্থন প্রদান করবে। শহর অনুদান প্রদান করবে প্রতিযোগিতামূলক আবেদন, পর্যালোচনা প্রক্রিয়া এবং প্রয়োজন সমকক্ষতার উপর ভিত্তি করে।

**ট্রেইল স্টেশন পার্কে জনসাধারণের সুযোগসুবিধা উন্নত করা - DRI পুরস্কার: 495,000 মার্কিন ডলার**

ট্রেইল স্টেশন পার্কের (Trail Station Park) একটি পরিকল্পিত সম্প্রসারণের দ্বিতীয় পর্যায় শুরু হবে, এটি অ্যাসফাল্টের একটি বড় অংশকে বিভিন্ন সুযোগসুবিধা দ্বারা প্রতিস্থাপিত করবে যেমন স্প্ল্যাশ প্যাড, রেস্টরুম, প্যাভিলিয়ন, এবং একটি পোশাক পরিবর্তনের স্থান, সেই সাথে থাকবে গাছ, পিকনিকের স্থান, ট্রেইল এবং সবুজ স্থান।

**স্ট্রিটস্কেপ এবং সংযোগ উন্নত করা - DRI পুরস্কার: 441,000 মার্কিন ডলার**

এই প্রকল্পটি বেড়াতে আসা মানুষ ও বাসিন্দাদের জন্য আরো স্বাগত একটি পরিবেশ তৈরি করবে উন্নত সাইডওয়াক, ছায়ার জন্য রাস্তার গাছ, এবং ডাউনটাউনের মুখ্য অবস্থানগুলিতে পথচারীদের জন্য বিশেষ বাতির ব্যবস্থা করে।

**একটি ডাউনটাউন পিয়াজা তৈরি করা - DRI পুরস্কার: 435,000 মার্কিন ডলার**

এই প্রকল্পটি এই কেন্দ্রীয়ভাবে অবস্থিত সম্পূর্ণ খালি সম্পত্তিকে একটি শহুরে প্লাজা/গণজমায়েতের স্থানে রূপান্তরিত করা হবে যেখানে জনসাধারণের জন্য কনসার্ট ও পারফর্ম্যান্স হবে, সাপ্তাহিক আউটডোর মুভি নাইট এবং শহুরে পার্কের আবহাওয়া তৈরি করা হবে। স্থানীয় রেস্টুরেন্টগুলির খাবারের ট্রাক এবং স্টলের জন্য স্থান প্রদান করা হবে। সবুজ অবকাঠামো সংযুক্ত করা হবে ঝড়ের পানি শোষণ করে নেওয়ার ব্যবস্থার জন্য।

**একটি খালি ভবনকে কেটি মাইক্রোব্রিউয়ারিতে পরিণত করা - DRI পুরস্কার: 359,000 মার্কিন ডলার**

একটি খালি প্রাক্তন গ্যারেজ ভবনকে পুনরায় ভিটন উদ্দেশ্যে ব্যবহারের জন্য গ্লোভ সিটি ব্রিউয়িংয়ের (Glove City Brewing) সদর দপ্তরে পরিণত করা হবে, যেখানে থাকবে একটি মাইক্রোব্রিউয়ারি, রান্নাঘর, রেস্টরুম এবং আউটডোর বায়ারগার্টেন।

**শাইন মেমোরিয়াল হলের তৃতীয় তলা সংস্কার করা - DRI পুরস্কার: 346,000 মার্কিন ডলার**

একটি উল্লেখযোগ্য, তিনতলা ভবন, শাইন মেমোরিয়াল হল (Schine Memorial Hall), যা 1881 সালে নির্মিত হওয়ার পর থেকেই ডাউনটাউনের একটি ল্যান্ডমার্ক হয়ে আছে, তার তৃতীয় তলার সংস্কার করে স্টোরটো গ্লোভ জাদুঘরের (Storto Glove Museum) স্থান পরিবর্তন করার জন্য এবং শিল্পীদের একত্রে কাজ করার জন্য একটি আকর্ষণীয় স্থান তৈরি করা হবে।

**প্রাক্তন সিটি হল পুনরায় শুরু করা - DRI পুরস্কার: 250,000 মার্কিন ডলার**

প্রাক্তন সিটি হল ভবনের নিচতলা সংস্কার করে মিশ্র ব্যবহারের ভবনটির খালি জায়গায় একটি রেস্টুরেন্ট এবং বেকারি সংযোজন করা হবে।

গ্লোভার্সভিল 10 মিলিয়ন মার্কিন ডলার অনুদান থেকে 300,000 মার্কিন ডলার নিয়ে একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা বিকাশ করেছে এর ডাউনটাউনকে পুনরুজ্জীবিত করার জন্য। মিউনিসিপ্যাল প্রতিনিধি, সম্প্রদায়ের নেতৃবৃন্দ, এবং অন্যান্য স্টেকহোল্ডার দ্বারা গঠিত একটি স্থানীয় পরিকল্পনা কমিটি প্রচেষ্টার নেতৃত্ব দেয়, বেসরকারি খাতের বিশেষজ্ঞ ও স্টেটের পরিকল্পনাবিদদের একটি দলের সহায়তা নিয়ে। গ্লোভার্সভিলের এই এলাকার কৌশলী বিনিয়োগ পরিকল্পনা স্থানীয় সম্পদ ও সুযোগ নিরীক্ষা করেছে এবং অর্থনৈতিক বিকাশ, পরিবহন, আবাসন, এবং সম্প্রদায়ের প্রকল্পসমূহকে সনাক্ত করেছে যা ডাউনটাউন পুনরুজ্জীবনের জন্য সম্প্রদায়ের ভিশনের সাথে মিলে যায় এবং যা বাস্তবায়নের জন্য প্রস্তুত।

**নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন,** "DRI কর্মসূচিটি স্টেটের প্রতিটি অঞ্চলে গুরুত্বপূর্ণ ডাউনটাউন সংস্থানের সংস্কার এবং পুনর্বাসন চালিত করছে। গ্লোভার্সভিলের এই বারোটি প্রকল্প এই 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগকে এর বাসিন্দাদের জন্য ব্যবহার করা এবং এর ঐতিহাসিক ডাউনটাউনকে বাণিজ্য ও নতুন আগতদের দ্বারা সক্রিয় করতে ব্যবহার করা হবে। গ্লোভার্সভিল হলো একটি নিখুঁত উদাহরণ যে কীভাবে শিল্প, অবকাঠামো এবং ওয়াটারফ্রন্টে যাওয়া আসার ব্যবস্থার জন্য নিউ ইয়র্ক স্টেটের কৌশলী বিনিয়োগ নির্ধারণ অর্থনৈতিক প্রবৃদ্ধিকে সমর্থন করতে পারে বসবাসযোগ্য এবং আমন্ত্রণ জানায় এমন সম্প্রদায় গঠন করার মাধ্যমে।"

**অ্যাসেম্বলি সদস্য রবার্ট স্মুলেন বলেন,** "স্টেটের সংস্থান গ্লোভার্সভিল সম্প্রদায়ে ফেরত আসা দেখা আকর্ষণীয় এবং সতেজকারক, এবং আমি আশাবাদী যে আমরা এই গতিবেগকে ব্যবহার করে আমাদের ডাউনটাউন এলাকাকে এবং ব্যবসায়িক জেলাকে সম্পূর্ণ পুনরুজ্জীবিত করতে পারবো। এই প্রকল্পসমূহের অনেকগুলি আমাদের অঞ্চলের সমৃদ্ধ ইতিহাস ও সংস্কৃতিকে ফুটিয়ে তুলে, তাই আমি আত্মবিশ্বাসী যে এগুলির কাজ শেষ হলে মোহক ভ্যালির বাসিন্দাদের জন্য আরো চাকরি, পর্যটন, এবং সুযোগ সৃষ্টি হবে।"

**গ্লোভার্সভিলের মেয়র ভিনসেন্ট ডেসান্টিস বলেন,** "এটি গ্লোভার্সভিল ইতিহাসের সবথেকে দারুণ মুহূর্তগুলির একটি। গভর্নর হোকল, স্টেটের সচিব রড্রিগেজ, এবং নিউ ইয়র্ক স্টেট প্রদত্ত ভালোভাবে অভীষ্ট অর্থায়ন সুযোগকে ধন্যবাদ। আমরা এখন নতুন একটি শহর গঠন করার অবস্থানে রয়েছি, এটি ঊনবিংশ শতাব্দীর শিল্প শহর থেকে একটি সমৃদ্ধি একবিংশ শতাব্দীর সম্প্রদায়ে রূপান্তরিত হবে।"

**ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative)**
নিউ ইয়র্ক স্টেটের DRI, তার অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচির একটি ভিত্তি, যা ডাউনটাউনের আশেপাশের এলাকাগুলোকে প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করে যা উচ্চ জীবনমান সরবরাহ করে এবং পুনর্নির্মাণ, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক ও আবাসন বৈচিত্র্যের জন্য চুম্বক হিসেবে কাজ করে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু

লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহয্য করার একটি মূল উপাদান। DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418